

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৫.২০১৮- ৬৭৫


তারিখঃ ২৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত হতে অব্যাহতি প্রদান।

সূত্র-১: ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৫.২০১৮-৯৭১, তারিখঃ ১৯/১২/২০১৮ খ্রি।
সূত্র-২: ৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.২০১৮-৩৪৩, তারিখঃ ১০/১০/২০১৮ খ্রি।
সূত্র-২: ৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.২০১৮-৩৩০, তারিখঃ ২১/১০/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (ফুড) জনাব স্বপন কৃষ্ণ হালদার (বর্তমানে নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের কর্মরত) গত ২৫/০১/২০১৮ খ্রি. হতে ২৩/০২/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৩০ দিন ভারতের তীর্থস্থান ভ্রমণের ইচ্ছাপোষণ করে বহিঃবাংলাদেশ ছুটির আবেদন করে অধ্যক্ষের মাধ্যমে গত ১৭/০১/২০১৮ খ্রি. তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেন। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে গত ২৪/০১/২০১৮ খ্রি. তারিখে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরির জন্য অত্র বিভাগে প্রেরণ করা হয় এবং অধ্যক্ষ, গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটকে অনুলিপি প্রেরণ করা হয়। কিন্তু জনাব স্বপন কৃষ্ণ হালদার অসাবধানতাবশত উক্ত অনুলিপিটিই ছুটি মঞ্জুরির আদেশ মনে করে প্রতিষ্ঠান হতে কর্মস্থল ত্যাগের অনুমতি নিয়ে গত ১৯/০২/২০১৮ খ্রি. হতে ২০/০৩/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ ছুটিভোগ করেন। পরবর্তীতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে ০২/০৪/২০১৮ খ্রি. তারিখে তার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরির আদেশ জারি করা হয়।

০২। জনাব স্বপন কৃষ্ণ হালদার অসাবধানতাবশত ভুলের জন্য আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এ ধরনের ভুল হবেনা মর্মেও প্রতিশ্রুতি প্রদান করেন। সে বিবেচনায় জনাব স্বপন কৃষ্ণ হালদার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর দায়ে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত বাদ দেয়াসহ উক্ত অভিযোগের দায় হতে তাকে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।


(মোঃ আব্দুর রহিম)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা।

অনুলিপি:

- ০১। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ০৩। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, গোপালগঞ্জ/নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট।
- ০৫। জনাব স্বপন কৃষ্ণ হালদার, ইনস্ট্রাক্টর (ফুড), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট (বর্তমানে নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত)।
- ০৬। অতিরিক্ত সচিব (কারিগরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.২০১৮- ৬৭০

তারিখঃ ২০/১১/২০১৯ খ্রিঃ।

সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১৫.২০১৮-৬৭৫, তারিখঃ ১৩/১১/২০১৯ খ্রিঃ মোতাবেক প্রজ্ঞাপনের ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

- ১। অধ্যক্ষ, গোপালগঞ্জ/নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি শাখা-১, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ/নওগাঁ।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। জনাব স্বপন কৃষ্ণ হালদার, ইন্সট্রাক্টর (ফুড), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট।
(বর্তমানে নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট-এ কর্মরত)।
- ৬। সংরক্ষণ নথি।

(মোঃ জাহেদুল রবির খান)
সহকারী পরিচালক-২